দৈনিক ইনকিলাব

তারিখ 01-JUN 1994
পৃষ্ঠা ৫ কলাম ৬

# শিক্ষাঙ্গন

## শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ সমীপে

গত ২ মে থেকে ১৯ মে পর্যন্ত অনুষ্ঠিত হয়ে গেল '৯৪ সালের মাধ্যমিক পরীক্ষা। যথেষ্ট আশা এবং উজ্জ্বল ভবিষ্যতের প্রত্যাশা নিয়ে আমরা পরীক্ষায় অংশ নিয়েছিলাম। কিন্তু ঢাকা বোর্ডের মত একটা ঐতিহ্যবাহী বোর্ডের নৈর্ব্যক্তিক ও রচনামূলক প্রশ্নপত্রে ভুল আমার মতো আরো অনেক পরীক্ষার্থীকে হতাশ করেছে। এবারের বাংলা ২য় পত্রের নৈর্ব্যক্তিক অভীক্ষায় প্রদত্ত একটি প্রশ্ন যথারীতি বিভ্রান্তির সৃষ্টি করেছে। যেমন—

* মাতার নিকট পুত্রের পত্র সম্বোধন কোনটি হবে? (ক) পাক জনাবেষু, (খ) শ্রদ্ধাস্পদ, (গ) পাক জনাব, (ঘ) প্রিয় আম্মাজান। টাস্ক ফোর্সের প্রশ্নপত্রে (গ) নং উত্তরে 'পাক জনাবা' লেখা আছে। অথচ প্রশ্নপত্রে 'পাক জনাব'। বোর্ড প্রদত্ত সংশোধনীতেও এর কোন উল্লেখ নেই। তবে কি এটা প্রশ্নের ভুল? যদি তাই হয় তবে আমরা তো নিয়মানুসারে ভুল উত্তর দিতে পারি না। আবার নৈর্ব্যক্তিক প্রশ্নের উত্তরে 'পাক জনাবা' সঠিক বলে দেয়া আছে। আমার জানা মতে, বাংলা একাডেমী 'জনাবা' শব্দটি ভদ্র ও সভ্য মহিলাদের প্রতি ব্যবহার বাদ দিয়েছে। তবে তা মাকে কিভাবে বলা যায়। আবার জনাব শব্দ পুরুষসূচক শব্দ। এটাও মায়ের জন্য নয় সব দিক বিবেচনায় 'প্রিয় আম্মাজান' ই সঠিক। কিন্তু বিভ্রান্ত হয়ে কেউ কেউ দিয়েছে 'পাক জনাব' আর কেউ কেউ দিয়েছে 'প্রিয় আম্মাজান'। অভিজ্ঞজনের মতে, (ঘ) নং উত্তর সঠিক। তাই "প্রিয় আম্মাজান'-এ নম্বর দেয়ার বিনীত অনুরোধ জানাই। অপরদিকে উচ্চতর গণিতের সেটের অংকে যে অংকটি আমাদের করতে দেয়া হয়েছিল তা সম্পূর্ণ ভুল। এর ডান ও বাম পক্ষ সমান প্রমাণিত হয় না। তাই আমরা যারা ঐ প্রশ্নের উত্তর দিয়েছি তাদের পক্ষে প্রশ্নপত্রে ভুলের কারণে উত্তর মিলানো সম্ভব হয়নি। কিন্তু প্রশ্নপত্রে ভুলের কারণে আমার এই চারটি নম্বর কেটে নেয়া যায় না। তাই আমরা যারাই ঐ অংকটি শুদ্ধভাবে নিয়মমত দিয়েছি তাদেরকে নম্বর দিয়ে দেয়ার জন্য বোর্ড কর্তৃপক্ষের কাছে সবিনয় অনুরোধ রইলো।

—মুহাম্মদ ফয়সল, মাধ্যমিক
পরীক্ষার্থী '৯৪
হারম্যান মেইনার স্কুল
মিরপুর, ঢাকা।